



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- ৮৫/২১

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২১ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর ০৩(তিন) সক্রিয় সদস্য গ্রেফতার।

গত ৪ ডিসেম্বর র্যাব-১৩ এর নীলফামারী জেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে নিষিদ্ধ জঙ্গী সংগঠন “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ(জেএমবি)” এর ০৫ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে নীলফামারী সদর থানার মামলা নং-০১, তাং-০৫/১২/২০২১ খ্রিঃ, ধারা- সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৬(২) এর (অ)/৬(২) এর (ই)/৬(২) এর (ঈ) /৬(২) এর (উ)/৮/১০/১১/১২/১৩ রুজু করা হয়। পরবর্তীতে গ্রেফতারকৃতদের পুলিশ হেফাজতে এনে ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হয়।

উক্ত মামলা তদন্তকালে এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল ধারাবাহিক অভিযান পরিচালনা করে গত ১১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত নীলফামারী জেলার বিভিন্ন এলাকা হতে “জামায়াতুল মুজাহিদিন বাংলাদেশ (জেএমবি)” এর ০৩ (তিন) জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যরা হলো-১। নামঃ মোঃ মফিদুল ইসলাম(২৯), পিতাঃ মোঃ ময়েজউদ্দিন, সাং-১১ নং সোনারায় সাতারুপাড়া, ২। মোঃ বুলবুল ইসলাম @বাবলু(২৫), পিতা-রফিকুল ইসলাম, সাং-সবুজপাড়া, ৩। মোঃ লাভলু ইসলাম(২৭), পিতা- আমিনুর রহমান, সাং-টুপামারী ঘোনপাড়া, সর্বথানা ও জেলাঃ নীলফামারী। গ্রেফতারকালে তাদের নিকট থেকে ০৩টি এন্ড্রয়েড মোবাইল সেট ও ০১টি বাটন মোবাইল সেট জব্দ করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা ঘটনার সহিত তাদের সম্পৃক্ততার কথা পুলিশের নিকট স্বীকার করে।

তাদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা চলমান রয়েছে।


১২/১২/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd